

অঙ্গিক 23 NOV 1986  
 পৃষ্ঠা... ৫... ৩...

**শিক্ষা মন্ত্রণালয় সমীপে**

১৯৮৪ সালের জুন মাসে যে সকল বেসরকারী কলেজে শিক্ষকগণের চাকরির মেয়াদ আট বছর পূর্ণ হয়েছে সরকার তাদের বেতন স্কেল ১১৫০'০০ টাকা হতে ১৪০০'০০ (পুরাতন স্কেল) টাকায় উন্নীত করে আংশিক বকেয়ার প্রাপ্য অর্থ সকল বেসরকারী কলেজের শিক্ষকগণকে প্রদান করেছেন। শুধু যে সকল বেসরকারী কলেজ এ বছর সরকারীকরণ ঘোষণা করা হয়েছে সে সকল কলেজের শিক্ষকগণের প্রাপ্য অর্থ মাননীয় মহাপরিচালক মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরিদপ্তর অস্বাভাবিক কারণে শিক্ষা মন্ত্রণালয়ের অনুমতির অপেক্ষায় বন্ধ রেখেছেন। অথচ ১৯৮৬ সালে যে সকল কলেজে সরকারীকরণ ঘোষণা করা হয়েছে সে সকল কলেজে ১৯৮৪ সালের জুন মাস হতে ১৯৮৫ সাল পর্যন্ত বেসরকারী অবস্থায় ছিল। মহামান্য রাষ্ট্রপতি গত ৮ই জুলাই, ১৯৮৬ আদিনা ফজলুল হক কলেজ সরকারীকরণের কথা

ঘোষণা করেন। অত্র কলেজের আমরা গাভ্রজন শিক্ষক দণ হতে চৌদ্দ বছর পর্যন্ত বেসরকারী অবস্থায় রয়েছি। অথচ আজ পর্যন্ত আমরা আমাদের নায্য প্রাপ্য অর্থ হতে বঞ্চিত।

শিক্ষা মন্ত্রণালয়ের প্রতি নিবেদন এই যে বেসরকারী অবস্থায় থাকাকালীন মাসগুলোর আনাদের নায্য প্রাপ্য যা বেসরকারী কলেজের শিক্ষকগণকে প্রদান করা হয়েছে। আনাদেরকে প্রদান করার অনুমতি প্রদান করে গরীব অসহায় শিক্ষকগণকে বর্তমান আর্থিক সংকট হতে মুক্ত করার সদয় ব্যবস্থা গ্রহণ করুন।

মুহা: নূরুল ইসলাম, প্রভাষক, বাণিজ্য বিভাগ, আদিনা ফজলুল হক কলেজ, আদিনা কলেজ, নরায়ণগঞ্জ, রাজশাহী।